**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**11 FEBRUARY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================================

১) আগামী ২৪ ফেব্রুয়ারী ঝুমুর বিনন্দিনী কার্যসূচীর জন্য জেলায় জেলায় ব্যাপক প্রস্তুতি । এরই অংশ হিসেবে কাছাড় জেলার অভিভাবক মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়ার আজ শিলচরে ঝুমুর নৃত্য অনুশীলন শিবির পরিদর্শন ।

২) শিক্ষা মন্ত্রী ডা:রণোজ পেগুর ২০২৫-২৬ শিক্ষা বর্ষের জন্য বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ কার্যসূচীর সূচনা ।

৩) আসাম সম্পর্কে আপত্তিজনক মন্তব্য করার অভিযোগের তদন্তের জন্য পুলিশের অপরাধ অনুসন্ধান শাখার //মুম্বইর সোসিয়েল মিডিয়া ইনফ্লুয়েন্সারকে গৌহাটীতে জেরা ।

এবং

৪) বরাক উপত্যকার তিন জেলা প্রশাসনের চলতি বছরের ১৫ ফেব্রুয়ারী থেকে তিনমার্চ পর্যন্ত অনুষ্ঠেয় মাধ্যমিক এবং ১৩ ফেব্রুয়ারী থেকে ১৭ মার্চ পর্যন্ত অনুষ্ঠেয় উচ্চতর মাধ্যমিক পরীক্ষা সংশ্লিষ্ট জেলায় সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য কঠোর নির্দেশ জারি

---

বিনিয়োগ ও পরিকাঠামো সম্মেলন এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণের অংশ হিসেবে ৮ হাজারেরও অধিক শিল্পীর অংশগ্রহণে গৌহাটীর সরুসজাই স্টেডিয়ামে আগামী ২৪ ফেব্রুয়ারী অনুষ্ঠেয় ঝুমুর বিনন্দিনী কার্যসূচীর জন্য জেলায় জেলায় ব্যাপক প্রস্তুতি চলছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই অনুষ্ঠান উপভোগ করবেন । অনুষ্ঠানের প্রস্তুতি পর্যালোচনার জন্য রাজ্যের বেশ কয়েকজন মন্ত্রী প্রতিদিন অনুশীলন চলা জেলাগুলি সফর করছেন । এর ই অংশ হিসেবে কাছাড় জেলার অভিভাবক মন্ত্রী তথা জনস্বাস্থ্য ও কারিগড়ি মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া আজ শিলচর টাউনক্লাব ময়দানে জোনাল ঝুমুর নৃত্য প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন করেন ।এই শিবিরে আগামী ২৪ শে ফেব্রুয়ারী গুয়াহাটীর সরুসজাই ষ্টেডিয়ামে অনুষ্ঠেয় ঝুমুর বিনন্দিনী অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য কাছাড় , শ্রীভূমি ও হাইলাকান্দি জেলার  ঝুমুর নৃত্য শিল্পীরা অনুশীলন করে ।মন্ত্রী শ্রী মল্লবরুয়া প্রশিক্ষণ শিবির পরিদর্শন করে সব দিক খতিয়ে দেখেন ।অভিভাবক মন্ত্রীর সঙ্গে বরাক উপত্যকা উন্নয়ন মন্ত্রী কৌশিক রাই , বিধায়ক দীপায়ন চক্রবর্তী , জেলা আয়ুক্ত মৃদুল যাদব , পুলিশ সুপার নুমাল মাহাতো প্রমুখ উপস্থিত ছিলেন । উল্লেখ্য যুমুর বিনন্দিনী অনুষ্ঠানে বরাকুপত্যকার তিন জেলার মোট ৩৪৬ জন শিল্পী অংশগ্রহণ করবে ।কাছাড় জেলা থেকে মোট ১৮০ জন অংশগ্রহণ করবে এরমধ্যে ১০০ জন নৃত্যশিল্পী , ৬৭ জন বাদ্যযন্ত্র শিল্পী , এবং ১৩ জন প্রশিক্ষক রয়েছেন ।শ্রীভূমি জেলা থেকে ৬৪ জন অংশগ্রহণ করবে এরমধ্যে ২০ জন নৃত্যশিল্পী , ৩৭ জন বাদ্যযন্ত্রশিল্পী এবং ৭ জন প্রশিক্ষক । হাইলাকান্দি জেলার ১০২

জন অংশগ্রহণকারীর মধ্যে ২০ জন নৃত্য শিল্পী , ৭৬ জন বাদ্যযন্ত্র শিল্পী এবং ৬ জন প্রশিক্ষক রয়েছেন ।এদিকে প্রশিক্ষণ শিবিরে অংশগ্রহণ করে মন্ত্রী শ্রী মল্লবরুয়া বলেন যে

**সাউন্ড বাইট – ১ মি ৮ সেকেন্ড**

---

শিক্ষা মন্ত্রী ডা:রণোজ পেগু আজ গৌহাটীর নারেঙ্গীর কেন্দ্রীয় গ্রন্থাগারে আয়োজিত এক কার্যসূচীতে ২০২৫-২৬ শিক্ষা বর্ষের জন্য বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ কার্যসূচীর সূচনা করেন । অনুষ্ঠানে আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের অধ্যক্ষ রমেশ চান্দ জৈন ,আসাম রাজ্য পাঠ্যপুস্তক প্রণয়ন ও প্রকাশন নিগম লিমিটেডের অধ্যক্ষ দেবানন্দ হাজারিকা উপস্তিত ছিলেন । শিক্ষামন্ত্রী অনুষ্ঠানের পর এক সংবাদিক সম্মেলনে জানান যে রাজ্যসরকারের বিনামূল্যে পাঠ্যপুস্তক প্রকল্পের অধীনে এবছর ১৯ টি ভাষা এবং ৯ টি মাধ্যমে তিন কোটি ৪১ লক্ষ ৭৮ হাজার ৫৮১ টি বিনামূল্যের পাঠ্যপুস্তক প্রস্তুত করা হয়েছে । প্রথম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত  ৫২ লক্ষ ৯১ হাজার ৭০৭ জন শিক্ষার্থীর মধ্যে এই পাঠ্য পুস্তকগুলি বিতরণ করা হবে ।চলতি বছরের মধ্যে পাঠ্যপুস্তকগুলি ই-পাঠ্যপুস্তকে রূপান্তরিত করা হবে বলে শিক্ষামন্ত্রী জানান । তিনি বলেন যে ছাত্র ছাত্রীদের সঙ্গে শিক্ষকদের সুবিধার জন্য এই ই-পাঠ্য পুস্তকে কিউ আর কোডের সঙ্গে অডিও -ভিসুয়াল পাঠ সংযোজিত করা হবে । ইতিমধ্যে প্রকল্প গ্রহণ করতে আসাম রাজ্য পাঠ্যপুস্তক প্রণয়ন ও প্রকাশন নিগম লিমিটেডকে আহ্বান জানানো হয়েছে বলেও ডা:পেগু উল্লেখ করেন । ডিজিটেল শিক্ষা ব্যাবস্থার ক্ষেত্রে গুরুত্ব আরোপ করে ডা:পেগু বলেন যে রাজ্যের প্রত্যেক শিক্ষককে একটি করে ট্যাবলেট প্রদান করার বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করা হবে। এই অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষকের

জন্য অনুষ্ঠিত টেট তথা নিযুক্তি পরীক্ষার ফলাফল শীঘ্র ঘোষণা করা হবে বলে জানান । শূণ্য পদের সংখ্যার হিসেবে প্রার্থী উত্তীর্ণ করা হবে এবং ফলাফলের পর বিজ্ঞাপনের মাধ্যমে এই পদগুলির জন্য আবেদন করার জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে বলে শিক্ষামন্ত্রী জানান ।

---

আসাম পুলিশের অপরাধ অনুসন্ধান শাখা আজ মুম্বাইয়ের সোসিয়েল মিডিয়া ইনফ্লুয়েন্সার অভিষেক করকে সামাজিক মাধ্যমে আসাম সম্পর্কে আপত্তিজনক মন্তব্য করার অভিযোগে গুয়াহাটী উলুবারীর পুলিশের অপরাধ অনুসন্ধান শাখার কার্যালয়ে প্রায় ছঘন্টা জেরা করেছে ।উল্লেখ্য একাংশ ইউটিউবার এবং সোসিয়েল মিডিয়া ইনফ্লুয়েন্সারের আসাম সম্পর্কে বিরূপ মন্তব্য করার বিষয়টি মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার দৃষ্টিগোচর হওয়ার পর মুখ্যমন্ত্রী সমগ্র বিষয়টি তদন্ত করার নির্দেশ দিয়েছিলেন । এর পরিপ্রেক্ষিতে গুয়াহাটী পুলিশ গতকাল এধরণের আপত্তিজনক মন্তব্যের অভিযোগে ৫ জন ইউটিউবার ও ইনফ্লুয়েন্সারের বিরুদ্ধে মামলা দায়ের করে তদন্ত অব্যাহত রেখেছে ।

---

বরাক উপত্যকার তিন জেলা প্রশাসন চলতি বছরের ১৫ ফেব্রুয়ারী থেকে তিনমার্চ পর্যন্ত অনুষ্ঠেয় মাধ্যমিক এবং ১৩ ফেব্রুয়ারী থেকে ১৭ মার্চ পর্যন্ত অনুষ্ঠেয় উচ্চতর মাধ্যমিক পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য কঠোর নির্দেশ জারি করেছে । তিন জেলার ম্যাজিস্ট্রেট আদেশ জারি করে পরীক্ষাকেন্দ্রের ১০০ নিটারের মধ্যে জনসাধারণের প্রবেশ নিষিদ্ধ ঘোষণা করেছেন । এই নিষেধাজ্ঞা পরীক্ষার দিনগুলোতে সকাল ৮ টা থেকে বিকেল

৫ টা পর্যন্ত কার্যকর থাকবে । শুধুমাত্র পরীক্ষার্থী ,কর্তব্যরত পুলিশ কর্মী ও পরীক্ষার সঙ্গে যুক্ত সরকারী কর্মকর্তারা পরীক্ষাকেন্দ্রের ১০০ মিটারের মধ্যে প্রবেশ করতে পারবেন । তিন জেলা প্রশাসনের পক্ষ থেকে পরীক্ষার সময় শৃঙ্খলা বজায় রাখা ,নিরাপত্তা নিশ্চিত করা ও অবৈধ প্রবেশ রোধ করার জন্য পুলিশ ও অন্যান্য প্রশাসনিক আধিকারিকদের প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে । কোনো পরীক্ষার্থী মোবাইল ফোন বা অন্য কোনো ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করতে পারবে না । এই নির্দেশ অমান্য করলে আইন অনুযায়ী ব্যাবস্থা গ্রহণ করা হবে নির্দেশে জানানো হয়েছে ।

---

শিলচর - দিল্লী সম্পর্ক ক্রান্তি এক্সপ্রেস ট্রেনের একটি কামরায় গতকাল আগুন লাগার ফলে ট্রেনটি চন্দ্রনাথপুর ষ্টেশন থেকে প্রায় একঘন্টা দেরীতে পুনরায় দিল্লীর উদ্দেশ্যে যাত্রা করে । গতকাল রাতে শিলচর থেকে দিল্লী যাবার পথে চন্দ্রনাথপুর ষ্টেশনে চলন্ত ট্রেনের একটি কামরায় আগুন লাগে । সতর্ক যাত্রীরা সঙ্গেসঙ্গে রেলওয়ে কর্মচারীদের এই বিষয়ে অবগত করালে ট্রেনটি তৎক্ষণাৎ থামিয়ে দেওয়া হয় এবং রেলকর্মীদের তৎপরতায় আগুন নিয়ন্ত্রণে আসে ।এই ঘটনায় হতাহতের কোন খবর পাওয়া যায়নি ।অগ্নিকান্ডের প্রকৃত কারণ এখনো জানা যায়নি ।

---

ভারত সেবাশ্রম সংঘের শিলচর শাখার ব্যবস্থাপনায় সংঘের প্রতিষ্ঠাতা স্বামী প্রণবানন্দ মহারাজের ১৩০তম আর্বিভাব তিথি আগামীকাল শিলচর চাঁন্দমারী কার্য্যলয়ে বিভিন্ন কার্য্যসূচীর মাধ্যমে পালিত হবে । এউপলক্ষ্যে

আগামীকাল সকালে বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়ে শহর পরিক্রমা করবে । এ উপলক্ষ্যে আজ সন্ধ্যায় একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আজ ১১ই ফেব্রুয়ারী নিরাপদ ইন্টারনেট ব্যবহারের দিবস উপলক্ষ্যে একটি সচেতনতা সভার আয়োজন করা হয়েছে । অতিরিক্ত আয়ুক্ত রক্তিম বড়ুয়ার পৌরহিত্যে আয়োজিত সচেতনতা সভায় জেলার ইনফরমেটিক আধিকারীক মনসুর আক্তার বড়ভুইয়া সাইবার অপরাধের শিকার হলে হেল্প লাইন নম্বর ১৯৩০ বা www.cybercrime.gov.in এ রির্পোট করতে আহ্বান জানিয়েছেন । শ্রী বড়ভুইয়া ইন্টারনেট ব্যবহার করে ডিজিটেল কাজকর্ম , লেনদেনের ক্ষেত্রে আর্থিক ক্ষতিপূরন থেকে বাঁচতে ভালো সফটওয়ার ব্যবহার করার পরামর্শ দেন । সভায় কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার করে কারো কণ্ঠস্বর অনুসরন করে সাইবার প্রতারনার বিপদ আসতে পারে বলে সর্তক করা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলার অভিভাবক মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আগামীকাল হাইলাকান্দি জেলা সফরে আসছেন । মন্ত্রী শ্রী পাল আগামীকাল সকাল সাড়ে ১১টায় হাইলাকান্দি জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে একটি পর্য্যালোচনা বৈঠকে অংশগ্রহন করবেন ।

---

আসাম বিশ্ববিদ্যালয়ের ত্রিগুন সেন স্কুল অফ টেকনোলজির কৃষি প্রকৌশল বিভাগের উদ্যোগে এবং শ্রীভূমি কৃষি বিজ্ঞান কেন্দ্রের সহযোগীতায় গতকাল

থেকে বিশ্ববিদ্যালয়ে ২০ দিনের কৃষি যন্ত্রপাতি পরিচালনা ,মেরামতি এবং রক্ষনা -বেক্ষন সংক্রান্ত প্রশিক্ষন ও দক্ষতা উন্নয়ন কর্মশালা শুরু হয়েছে । আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য অধ্যাপক রাজীব মোহন পন্থ এই কর্মশালার উদ্বোধন করেন । উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে উপাচার্য্য শ্রী পন্থ কৃষি পদ্ধতির আধুনিকীকরনে দক্ষতা উন্নয়নের উপর জোর দিয়েছেন । কর্মশালায় বরাক উপত্যকার তিন জেলার প্রশিক্ষার্থীরা অভিজ্ঞ , পেশাদার এবং বিজ্ঞানীদের সঙ্গে মত বিনিময় করার সুযোগ পাচ্ছেন । উল্লেখ্য এই কর্মশালার উদ্দেশ্যে হচ্ছে অংশগ্রহনকারীদের কৃষি যন্ত্রপাতী পরিচালনা , মেরামতি এবং রক্ষনা -বেক্ষনের ক্ষেত্রে প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা প্রদান করা ।